বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০২ নভেম্বর ২০২৩

বিজিবি'র অভিযানে অক্টোবর-২০২৩ মাসে ১৬৫ কোটি ১৫ লক্ষাধিক টাকার চোরাচালান পণ্যসামগ্রী জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত অক্টোবর-২০২৩ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ১৬৫ কোটি ১৫ লক্ষ ১৩ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান পণ্যসামগ্রী এবং অস্ত্র ও গোলাবারুদ জব্দ করতে সক্ষম হয়েছে।

জব্দকৃত চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ১৪ কেজি ৭৯৪ গ্রাম স্বর্ণ, ৪ কেজি ৫০০ গ্রাম রূপা, ৮৩,৪৮৫ কসমেটিক্স সামগ্রী, ১১,৫০২ ইমিটেশন গহনা, ২২,৩৭২টি শাড়ী, ৭,৭২৫ থ্রিপিস/শার্টপিস/চাদর/কম্বল/তৈরী পোশাক, ২,৯৬৮ ঘনফুট কাঠ, ৯,২৮৯ কেজি চা পাতা, ১,৯৩,৬৬০ কেজি কয়লা, ৪টি কষ্টি পাথরের মূর্তি, ৫টি ট্রাক, ২টি বাস/মাইক্রোবাস, ৫টি পিকআপ, ২টি প্রাইভেটকার, ২৮টি সিএনজি/ইজিবাইক এবং ৬৬টি মোটরসাইকেল।

উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ৫টি পিস্তল, গান পাউডার ৭ কেজি ৪৫০ গ্রাম, ম্যাগাজিন ৬টি এবং ১৭ রাউন্ড গুলি।

এছাড়াও গত মাসে বিজিবি কর্তৃক বিপুল পরিমাণ মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। জব্দকৃত মাদক ও নেশাজাতীয় দ্রব্যের মধ্যে রয়েছে ১৪,১০,৯৩৬ পিস ইয়াবা ট্যাবলেট, ৬ কেজি ৭৬৫ গ্রাম ক্রিস্টাল মেথ আইস, ৩৪ কেজি হেরোইন, ১১,৯৪২ বোতল ফেনসিডিল, ৩৩,১৭০ বোতল বিদেশী মদ, ১,৭৪৪ লিটার বাংলা মদ, ৬,৪২৪ ক্যান বিয়ার, ১,৪৮১ কেজি গাঁজা, ২,০২,৫৪৪ প্যাকেট বিড়ি ও সিগারেট, ৬৪,০৮৭টি নেশাজাতীয় ইনজেকশন, ৪,৯৮৯ বোতল ইস্কাফ সিরাপ, ১ কেজি কোকেন, ২,৩৫৪ বোতল এমকেডিল/কফিডিল, ৭৪,৩৯৫টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ৬,৪১,৯১৯ পিস বিভিন্ন প্রকার ঔষধ, ৫৮০ প্যাকেট কিটনাশক এবং ১,০৬,৯৮০টি অন্যান্য ট্যাবলেট ।

সীমান্তে বিজিবি'র অভিযানে ইয়াবাসহ বিভিন্ন প্রকার মাদক পাচার ও অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ২২২ জন চোরাচালানীকে এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৭১ জন বাংলাদেশী নাগরিক, ৭ জন ভারতীয় নাগরিক এবং ১৬০ জন মায়ানমার নাগরিককে আটকের পর তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
মোঃ শরীফুল ইসলাম, পিবিজিএমএস
জনসংযোগ কর্মকর্তা
মোবাইল-০১৭৬৯৬০০৩৩৮

১। ডিউটি অফিসার, সংবাদ কক্ষ, তথ্য অধিদপ্তর, ঢাকা।
২। সম্পাদক/চীফ রিপোর্টার.....(জাতীয় দৈনিক/অনলাইন পত্রিকা/টিভি চ্যানেল), ঢাকা।